

💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ১২২

২. পবিত্ৰতা অৰ্জন (کتاب الطهارة)

পরিচ্ছেদঃ ২৫. জুনুবী ব্যক্তির তাইয়াম্মুম প্রসঙ্গ

بَابِ تَيَمُّمِ الْجُنُبِ

আরবী

حَدَّتَنِي يَحْيَى، عَنْ مَالِك، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ حَرْمَلَةَ، أَنَّ رَجُلاً، سَأَلَ سَعِيد بْنَ الْمُسَيَّبِ عَنِ الرَّجُلِ الْجُنُبِ، يَتَيَمَّمُ ثُمَّ يُدْرِكُ الْمَاءَ فَقَالَ سَعِيدٌ إِذَا أَدْرَكَ الْمَاءَ فَعَلَيْهِ الْغُسْلُ لِمَا يُسْتَقْبَلُ . قَالَ مَالِكٌ فِيمَنِ احْتَلَمَ وَهُوَ فِي سَفَرٍ وَلاَ يَقْدِرُ مِنَ الْمَاءِ إِلاَّ عَلَى الْغُسْلُ لِمَا يُسْتَقْبَلُ . قَالَ مَالِكٌ فِيمَنِ احْتَلَمَ وَهُوَ فِي سَفَرٍ وَلاَ يَقْدِرُ مِنَ الْمَاءِ إِلاَّ عَلَى قَدْرِ الْوُضُوءِ وَهُوَ لاَ يَعْطَشُ حَتَّى يَأْتِيَ الْمَاءَ قَالَ يَغْسِلُ بِذَلِكَ فَرْجَهُ وَمَا أَصَابَهُ مِنْ ذَلِكَ الْأَذَى ثُمَّ يَتَيَمَّمُ صَعِيدًا طَيِّبًا كَمَا أَمْرَهُ اللَّهُ . وَسُئِلَ مَالِكٌ عَنْ رَجُلٍ جُنُبٍ أَرَادَ أَنْ يَتَيَمَّمُ اللَّهُ . وَسُئِلَ مَالِكٌ عَنْ رَجُلٍ جُنُبٍ أَرَادَ أَنْ يَتَيَمَّمُ عَنْ يَتِيمَّمُ مِنْهَا لاَنَّ اللَّهُ تَبَارَكُ وَتَعَالَى قَالَ (فَتَيَمَّمُوا فَلَا لَكُ لَا بَأْسَ بِالصَّلاَةِ فِي السِّبَاخِ وَالتَّيَمَّمُ مِنْهَا لاَّنَّ اللَّهُ تَبَارَكَ وَتَعَالَى قَالَ (فَتَيَمَّمُوا مَعِيدًا طَيِّبًا) فَكُلُّ مَا كَانَ صَعِيدًا فَهُو يُتَيَمَّمُ بِهِ سِبَاخًا كَانَ أَوْ غَيْرَهُ .

বাংলা

রেওয়ায়ত ৯২. এক ব্যক্তি সাঈদ ইবন মুসায়্যাব (রহঃ)-কে প্রশ্ন করিল এমন এক জুনুবী ব্যক্তি সম্পর্কে, যে তাইয়াম্মুম করার পর পানি পাইয়াছে। সাঈদ (রহঃ) উত্তরে বলিলেনঃ পানি পাইলে আগামী নামাযের জন্য তাহার ওপর গোসল ওয়াজিব হইবে।

মালিক (রহঃ) বলিয়াছেন, এমন এক ব্যক্তি যাহার ইহতিলাম হইয়াছে অথচ সে মুসাফির। কেবল ওযুর পরিমাণ পানি ব্যতীত তাহার নিকট আর পানি নাই এবং পানি পর্যন্ত পৌছার পূর্বে সে পিপাসিত হইবে না। তিনি বলিলেনঃ সেই পানি দ্বারা সে তাহার লজ্জাস্থান এবং যে স্থানে নাপাকী লাগিয়াছে তাহা ধুইবে। অতঃপর আল্লাহর নির্দেশ মুতাবিক পবিত্র মাটি দ্বারা তাইয়াম্মম করবে।

মালিক (রহঃ)-কে প্রশ্ন করা হইল এমন এক জুনুবী ব্যক্তি সম্পর্কে যে তাইয়াম্মুম করিতে ইচ্ছা করিয়াছে; কিন্তু সে লবণাক্ত মাটি ছাড়া অন্য মাটি পাইল না। তবে সে কি লবণাক্ত মাটি দ্বারা তাইয়াম্মুম করিবে? আরও প্রশ্ন করা হইলঃ লবণাক্ত মাটিতে নামায পড়া কি মাকরূহ? (উত্তরে) মালিক (রহঃ) বলিলেনঃ লবণাক্ত মাটিতে নামায



পড়াতে এবং লবণাক্ত মাটি দ্বারা তাইয়াম্মুম করাতে কোন দোষ নাই। কারণ আল্লাহ তা'আলা বলিয়াছেনঃ (
فَتَيَمَّمُوا صَعَيِدًا طَيِّبًا) তোমরা পবিত্র মাটির দ্বারা তাইয়াম্মুম কর (সূরা মায়িদাঃ ৬)। ফলে যে-কোন পবিত্র মটি তাইয়াম্মুমের উপযুক্ত বলিয়া গণ্য হইবে। লবণাক্ত হোক অথবা না হোক।

English

Yahya related to me from Malik from Abd arRahman ibn Harmala that a man asked Said ibn al-Musayyab about what a man who was junub and had done tayammum should do when he came across water. Said said, "When he comes across water he must do ghusl for what comes after."

Malik said about some one who had a wet dream while he was on a journey and there was only enough water for wudu and he was not thirsty and so he did not need to use it for that, "Let him wash his genitals, and whatever the semen has fallen on, with the water and then he does tayammum with good earth as Allah has ordered him."

Malik was asked whether a man who was junub and wished to do tayammum but could only find salty earth could do tayammum with that earth, and whether it was disapproved of to pray on salty earth. He said, "There is no harm in praying on salty earth or in using it to do tayammum, because Allah the Blessed and Exalted has said, '...and do tayammum with good earth.' One is purified by tayammum with everything that is earth, whether it is salty or otherwise."

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ সাঈদ ইবনু মুসাইয়াাব (রহ.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন